# উইন্ডোজ ৭ নেটওয়ার্ক ট্রাবলশুটিং

কে এম আলী রেজা

আগের ভার্সনগুলোর সাথে তুলনায় উইন্ডোজ ৭-এ নেটওয়ার্ক ট্রাবলসশুটিংয়ের কাজ অনেক সহজ। এতে ব্যবহার করা হয়েছে ট্রাবলশুটার উইজার্ড। এর সাহায্যে নেটওয়ার্কের বিভিন্ন ধরনের সমস্যা নিরসন করে নেটওয়ার্ক অপারেশন সচল রাখতে পারেন। উইন্ডোজ ৭ নিম্নলিখিত সুনির্দিষ্ট বিষয়ে ট্রাবলশুটিং উইজার্ড ব্যবহারের সুবিধা দেয় :

ইন্টারনেট কানেকশন : আপনার কমপিউটার থেকে microsoft.com বা অন্য কোনো পছন্দের ওয়েবসাইট অ্যাক্সেস করার প্রচেষ্টার মাধ্যমে পরীক্ষা করে দেখবে ইন্টারনেট সংযোগ যথাযথভাবে কাজ করছে কি না।

শেয়ারড ফোল্ডার : নেটওয়ার্কভুক্ত কোনো কমপিউটারে রক্ষিত ফোল্ডার শেয়ার করা যাচ্ছে কি না।


হোমগ্রুপ : হোমগ্রুপের মধ্যে কোনো ইউজার সৃষ্টি করে তাতে যোগদান বা কোনো রিসোর্স শেয়ার করার সুযোগ দেবে।

নেটওয়ার্ক অ্যাডাপ্টার : কমপিউটারের নেটওয়ার্ক অ্যাডাপ্টারের কোনো সমস্যা চিহ্নিত করতে সাহায্য করবে।

ইনকামিং কানেকশন : বাইরে থেকে আসা ইনকামিং সংযোগ আপনার কমপিউটারে স্থাপনের বিষয়ে ফায়ারওয়াল বা এ ধরনের সিকিউরিটি সফটওয়্যার কোনো সমস্যা সৃষ্টি করলে তা চিহ্নিত করবে।

ওপরে বর্ণিত উইজার্ডগুলো অ্যাক্সেস করার জন্য আপনাকে Network and Sharing Center-এর অধীনে Troubleshoot problems লিঙ্কে ক্লিক করতে হবে (চিত্র-১)।

কমপিউটারে Start → Control Panel → Find and fix problems → Network and Internet-এ ক্লিক করে উইজার্ডে অ্যাক্সেস করতে পারেন। এ উইজার্ডগুলো কিছু ইনপুট যেমন সাইট, শেয়ারড ফোল্ডার ইত্যাদি কাছে চাইবে। ইনপুট দেয়ার পর উইজার্ডগুলো সাধারণ উইজার্ডের মতোই দেখাবে। উইজার্ড রান করার এর ফলাফল হিসেবে পেতে পারেন নেটওয়ার্ক সমস্যার স্বয়ংক্রিয়ভাবে সমাধান হওয়া, সমস্যা সমাধানের বিষয়ে অতিরিক্ত কিছু




চিত্র-১ : নেটওয়ার্ক এবং শেয়ারিং সেন্টারের মাধ্যমে ট্রাবলশুটিং সেন্টার অ্যাক্সেস করার প্রক্রিয়া

সুপারিশ, কোনো সমস্যা নিরূপণ না হওয়া এবং এর ফলে ইভেন্ট ট্রেসিং লগ ফাইলের বিস্তারিত তথ্য দেখার অ্যাক্সেস সুবিধা পাওয়া ইত্যাদি।

ট্রাবলশুটিং উইজার্ডের ব্যবহার : উইন্ডোজ ৭-এ যেসব ট্রাবলশুটার উইজার্ড রয়েছে তার মধ্যে কয়েকটির ব্যবহার এখানে দেয়া হয়েছে :

শেয়ারড ফোল্ডার ট্রাবলশুটিং : শেয়ারড ফোল্ডারের সমস্যা নিরূপণের জন্য ট্রাবলশুটিং উইন্ডোর Shared Folders অপশনটি সিলেক্ট করা মাত্র চিত্র-২ উইন্ডোটি আপনার সামনে চলে আসবে।

উইন্ডোর Next-এ ক্লিক করলে নিচের উইন্ডোটি দেখা যাবে। এখানে একটি নেটওয়ার্ক লোকেশনের জন্য লোকাল পাথ (যেমন \\networkname\folder) টাইপ করার জন্য বলা হবে। নেটওয়ার্ক সংযোগ ঠিকমতো কাজ করছে কি না, তা পরীক্ষা করে দেখার কাজে এ তথ্যাদি ট্রাবলশুটার ব্যবহার করবে। নেটওয়ার্ক সংযোগ স্থাপনে কোনো সমস্যা হলে ট্রাবলশুটার সেটি খতিয়ে দেখবে ও সমস্যা নিরসনের জন্য পরামর্শ দেবে।




চিত্র-২ : শেয়ারড ফোল্ডার ট্রাবলশুটার উইজার্ড

হোমগ্রুপ সংক্রান্ত সমস্যার ট্রাবলশুটিং : উইন্ডোজ ৭ অপারেটিং সিস্টেমে কোনো নতুন হোমগ্রুপ তৈরি বা ইতোমধ্যে তৈরি করা হয়েছে এমন কোনো হোমগ্রুপে যুক্ত হতে কোনো সমস্যা হলে এ ট্রাবলশুটারটি কাজে লাগাতে হবে।

হোমগ্রুপ ট্রাবলশুটার উইন্ডোর Next বাটনে ক্লিক করলে প্রম্পটের মাধ্যমে জানতে চাইবে কী ধরনের কাজ করতে চাচ্ছেন। কাজের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে কোনো নতুন হোমগ্রুপ তৈরি ও বিদ্যমান হোমগ্রুপের সদস্য হিসেবে যুক্ত হওয়া। অ্যাকশন রিকোয়েস্ট সম্বলিত উইন্ডোটি চিত্র-৩-এ দেখানো হলো।

নেটওয়ার্ক অ্যাডাপ্টার সংক্রান্ত সমস্যার ট্রাবলশুটিং : এর পরের ট্রাবলশুটারটি হচ্ছে নেটওয়ার্ক অ্যাডাপ্টার সম্পর্কিত। ট্রাবলশুটারটি ওপেন করে নেক্সট বাটনে ক্লিক করলে একটি প্রম্পটের মাধ্যমে নেটওয়ার্ক অ্যাডাপ্টার সিলেক্ট করতে বলবে। যে অ্যাডাপ্টারটি সমস্যা আক্রান্ত হয়েছে বা হতে পারে মনে করেন সেটি প্রম্পট থেকে সিলেক্ট করুন। সমস্যা আক্রান্ত অ্যাডাপ্টার নির্ণয় করতে অসুবিধা হলে সব অ্যাডাপ্টার ডায়াগনসিসের জন্য সিলেক্ট করতে পারেন।

নেটওয়ার্ক অ্যাডাপ্টার সিলেক্ট করলেই ট্রাবলশুটার নেটওয়ার্ক অ্যাডাপ্টারের পরীক্ষা করে



চিত্র-৩ : হোমগ্রুপ উইজার্ড অ্যাকশন অপশন

দেখে জানাবে নেটওয়ার্ক অ্যাডাপ্টার যথাযথভাবে কাজ করছে কি না। নেটওয়ার্ক অ্যাডাপ্টারের কোনো সমস্যা ধরা পড়লে তা সমাধানের জন্য ট্রাবলশুটার কিছু পরামর্শ দেবে। নেটওয়ার্ক অ্যাডাপ্টারকে ঠিকমত কাজ করানোর জন্য পরামর্শগুলো অনুসরণ করুন।

ইনকামিং সংযোগ ট্রাবলশুটিং : অনেক সময় কমপিউটারে নেটওয়ার্কভুক্ত অন্যান্য কমপিউটার সংযোগ স্থাপন করতে সমস্যা হয়। এসব ক্ষেত্রে আপনার কমপিউটারে অন্যান্য কমপিউটার কর্তৃক রিসোর্স শেয়ারিংয়ের কাজটি সহজ করতে ইনকামিং কানেকশন ট্রাবলশুটারটি কাজ লাগাতে হবে।

ইনকামিং কানেকশন ট্রাবলশুটারটি চালু করে নেক্সটে ক্লিক করলে একটি প্রম্পটের মাধ্যমে জানতে চাইবে কোন রিসোর্সে সংযোগ পেতে বাইরের কমপিউটারের অসুবিধা হচ্ছে। সমস্যা আক্রান্ত রিসোর্সটি এখান থেকে নির্দিষ্ট করে দিতে হবে। রিসোর্স সিলেকট করার পরপরই ট্রাবলশুটার এর কনফিগারেশন পরীক্ষা করে দেখবে। কনফিগারেশনে কোনো সমস্যা ধরা পড়লে তা সমাধানের জন্য কিছু পরামর্শ দেবে। এ পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিয়ে রিসোর্সের ইনকামিং সমস্যার সমাধান করতে পারেন।

## ট্রাবলশুটিং হিস্ট্রি প্রদর্শন

প্রতিটি ট্রাবলশুটিং সেশন ডায়াগনস্টিক উইজার্ড রেকর্ড ও সংরক্ষণ করে। এ রেকর্ড দেখার জন্য Start→Control Panel→Find and fix problems-এ গিয়ে প্রধান ট্রাবলশুটিং উইন্ডোর বাম দিকের View history লিঙ্কে ক্লিক করলে প্রতিটি ট্রাবলশুটিং সেশনের এন্ট্রিগুলো দেখতে পাবেন।

ট্রাবলশুটিং উইজার্ড রান করার পর View detailed information লিঙ্কে ক্লিক করলে ওপেনিং সেশনে একই তথ্য দেখতে পাবেন। এখান থেকে ইভেন্ট ট্রেসিং লগ (ETL) ফাইলটিও অ্যাক্সেস করতে পারবেন এবং নেটওয়ার্ক সমস্যা সমাধানের জন্য তা কাজে লাগাতে সক্ষম হবেন।

উইন্ডোজ ৭ অপারেটিং সিস্টেমের নেটওয়ার্ক ট্রাবলশুটার উইজার্ড ব্যবহার করে নেটওয়ার্কের ছোটখাটো যেকোনো সমস্যা সহজেই সমাধান করা যায়। উইজার্ড অ্যাক্সেস পদ্ধতিও অনেক সহজ করা হয়েছে। ডেস্কটপের নোটিফিকেশন এরিয়াতে গিয়ে নেটওয়ার্ক আইকনে ডাবল ক্লিক করে অথবা ইন্টারনেট এক্সপ্লোরারের এরোর (Error) পেজে গিয়ে উইজার্ডটি অ্যাক্সেস করতে পারেন। নেটওয়ার্কের সুনির্দিষ্ট কোনো সমস্যা সমাধানের জন্য উইজার্ডটি আপনি কন্ট্রোল প্যানেল বা নেটওয়ার্ক অ্যান্ড শেয়ারিং সেন্টার থেকেও অ্যাক্সেস করতে সক্ষম হবেন।

ফিডব্যাক : kazisham@yahoo.com